**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 24-03-2026** **Desk in Charge: Susmita M.**
**Time:- 7-50 PM** **Edit. & Compile : Sankar M.**
**DEO: KB** **NRT: Priya B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) সুপ্রিম কোর্ট, এরাজ্যে SIR প্রক্রিয়ায় যেখানে আগে ভোট, সেখানে আগে অ্যাডজুডিকেশন–এর কাজ সম্পন্ন করার কথা বলেছে। # স্বীকৃত রাজনৈতিক দলের প্রার্থীদের নামের নিষ্পত্তি আগে করতে হবে।

২/ নির্বাচন কমিশন সর্বোচ্চ আদালতে জানিয়েছে, এখন থেকে প্রতিদিন যত বিবেচনাধীন ভোটারের নাম নিষ্পত্তি হবে, দৈনিক তার তালিকা প্রকাশের চেষ্টা করা হবে।

৩/ ভোটের প্রস্তুতি বৈঠকে আজ নির্বাচন কমিশন, সীমান্তবর্তী জেলাগুলিতে নজরদারি আরও জোরদার করতে বলেছে। #ভোটে ব্যবহারের জন্য নেওয়া বাস, মিনিবাস ও ছোট গাড়ির ভাড়া বাড়ছে।

৪/ তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক অর্ঘ্য রায় প্রধান এবং উত্তরবঙ্গের রাজবংশী আন্দোলনের নেতা বংশীবদন বর্মণ সহ বেশ কয়েকজন আজ বিজেপিতে যোগ দিয়েছেন।

৫/ রাজ্যে এপর্যন্ত ৩’লক্ষ ৫৮ হাজারের’ও বেশী ভুয়ো রেশন কার্ড বাদ পড়েছে।

৬/ ভারতীয় রেলের সংস্কারের লক্ষে রেলমন্ত্রী আশ্বিনী বৈষ্ণব আজ ৫-টি নতুন ব্যবস্থার কথা ঘোষণা করেছেন।

*********************************************************************

সর্বোচ্চ আদালত এরাজ্যের SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন ভোটারদের বিষয়টি ৬-ই এপ্রিলের আগে নিষ্পত্তির চেষ্টা করতে মৌখিকভাবে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ বলেছে, যেসব কেন্দ্রে আগে ভোট, সেখানে যাতে আগে অ্যাডজুডিকেশনের কাজ সম্পন্ন করা হয়, তার চেষ্টা করতে হবে।

নির্বাচন কমিশন, আজ সর্বোচ্চ আদালতে জানায়, এখন থেকে প্রতিদিন যেসব অ্যাডজুডিকেশনের কাজ শেষ হবে, দৈনিক ভিত্তিতে তার তালিকা প্রকাশের চেষ্টা করা হবে। সেজন্য কমিশন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে অনুরোধ করবে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীদের নামের নিষ্পত্তি আগে করার জন্যও শীর্ষ আদালত বলেছে। রাজ্যের পক্ষে আইনজীবী শ্যাম দেওয়ান আদালতে জানায়, গতকাল প্রকাশিত তালিকায় কতজনের নাম বাদ পড়েছে তা এখনও স্পষ্ট নয়। ১৬-ই এপ্রিলের মধ্যে কাজ সম্পন্ন করতে অ্যাপিলেট ট্রাইব্যুনালকে দ্রুত কার্যকর করার ওপর তিনি জোর দেন।

বিচারপতি জয়মাল্য বাগচি বলেছেন, স্বীকৃত রাজনৈতিক দলের প্রার্থীদের নামের নিষ্পত্তি আগে করতে হবে। আগামী পয়লা এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

*********************

বিধানসভা নির্বাচনের আগে নির্বাচন কমিশন রাজ্যের ৭৩ জন রিটার্নিং অফিসারকে সরিয়ে দিয়েছে।

কলকাতার ভবানীপুর সহ একাধিক বিধানসভা কেন্দ্রের দায়িত্বে থাকা এই আধিকারিকদের সরিয়ে তাদের জায়গায় নতুন আধিকারিকদের নিয়োগ করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর। আজ বিকেল পাঁচটার মধ্যে নতুন আধিকারিকদের কাজে যোগ দিতে বলা হয়। আগামীকাল তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে মোট ২৯৪টি বিধানসভা কেন্দ্রের প্রত্যেকটিতেই একজন করে রিটার্নিং অফিসার থাকেন। তাঁদের মধ্যে ৭৩ জনকে সরানো হল। এঁদের অধিকাংশই মহকুমাশাসক স্তরের আধিকারিক বলে জানা গিয়েছে।

*********************

বিধানসভা ভোটে ব্যবহারের জন্য নেওয়া বাস, মিনিবাস ও ছোট গাড়ির ভাড়া বাড়ছে। পরিবহণ সচিব সৌমিত্র মোহন মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে জানিয়েছেন, নতুন বাস ভাড়া দৈনিক ২ হাজার ৭৮০ টাকা এবং মিনিবাস ভাড়া হবে ২ হাজার ৩০০ টাকা।

ছোট যাত্রীবাহী গাড়ির ক্ষেত্রে ৮৯০ থেকে বাড়িয়ে ভাড়া করা হয়েছে ৯৮০ টাকা। সাত আসনের ম্যাক্সি ক্যাবের ভাড়া ১ হাজার ৪৪০ টাকা এবং ১৪ থেকে ২২ আসনের গাড়ির ক্ষেত্রে তা ১ হাজার ৭২০ টাকা ধার্য হয়েছে। পরিবহন কর্মীদের খোরাকি ভাতা ২৫০ টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে ২৮০ টাকা।

সিটি সাবারবান বাস সার্ভিসের সাধারণ সম্পাদক টিটু সাহা ভাড়া বৃদ্ধিকে স্বাগত জানালেও Joint Council of Bus Syndicates-এর সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেছেন, তাঁদের কোনও দাবিই মানা হয়নি।

All Bengal Bus Minibus সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক রাহুল চট্টোপাধ্যায় এই ভাড়া বৃদ্ধিকে মন্দের ভালো বলে উল্লেখ করেছেন।

*********************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্য পুলিশের বিভিন্ন থানায় কতগুলি ফৌজদারি মামলা রয়েছে কলকাতা হাইকোর্ট, আগামী ২৭শে মার্চ বেলা একটার মধ্যে তা জানাতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। কলকাতা পুলিশের বিভিন্ন থানায় শ্রী অধিকারীর বিরুদ্ধে ৭টি মামলা রয়েছে। তবে রাজ্যের থানাগুলোতে কতগুলি মামলা রয়েছে তা জানা যায়নি । আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থী হিসেবে মনোনয়ন পেশের জন্য তা জানা দরকার। তা জানতে চেয়ে বিরোধী দলনেতা আগেই আদালতের দ্বারস্থ হয়েছিলেন।

*********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ দুপুরে নির্বাচনী প্রচারে উত্তরবঙ্গ রওনা হওয়ার আগে কলকাতা বিমান বন্দরে সাংবাদিকদের বলেন, বিজেপি মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিতে চায়। সব বিরোধী রাজনৈতিক দলগুলিকে তিনি এর বিরুদ্ধে প্রতিবাদে

সামিল হওয়ার আহ্বান জানান। নির্বাচন কমিশন'ও নিরপেক্ষ নয় বলেও তাঁর অভিযোগ। গত মধ্যরাতে অতিরিক্ত ভোটার তালিকা বের করা নিয়ে কমিশনের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, এখনো মানুষ জানেনা, ভোটার তালিকায় তাঁদের নাম আছে কি নেই।

( বাইট- মমতা / কমিশন )

এদিকে, রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, বর্তমানে রাজ্যে মমতা বনাম জনতা-র মতো পরিস্থিতি সৃষ্টি হয়েছে। তৃণমূল কংগ্রেস মানুষের সঙ্গে প্রতারণা করেছে। তাই রাজ্যের মানুষ এই পরিস্থিতি থেকে মুক্তি চায় বলে তাঁর দাবী।

( বাইট- শমীক )

ওই বৈঠকে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক অর্ঘ্য রায় প্রধান, উত্তরবঙ্গের রাজবংশী আন্দোলনের নেতা বংশীবদন বর্মণ সহ বেশ কয়েকজন আজ বিজেপিতে যোগ দেন। শমীক ভট্টাচার্য এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন। শ্রী অধিকারী বলেন, বংশীবদন বর্মণ রাজবংশী সমাজ ও উত্তরবঙ্গের উন্নয়নে বেশ কিছু প্রস্তাব দিয়েছেন। দলের সংকল্পপত্রে সেগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে।

*********************

আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও দপ্তরে ইডির তল্লাশির বিষয়ে আজ সুপ্রিম কোর্টে ওই সংস্থার দায়ের করা মামলার শুনানি চলে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্য সরকার ও পুলিশের পক্ষে চারজন আইনজীবির প্রত্যেকেই ইডির এক্তিয়ার নিয়ে প্রশ্ন তুলেছেন।

বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা সহ দুই বিচারপতির বেঞ্চে আগামী ১৪'ই এপ্রিল থেকে টানা তিনদিন আরো শুনানি হবে বলে আদালত জানিয়েছে।

*********************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “গ্রামীণ অর্থনীতিতে পাট চাষ ও পাট শিল্প"। এই নিয়ে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার জেনারেল ম্যানেজার কল্যান কুমার মজুমদারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ(২৪/০৩/২৬) রাত আটটায় গীতাঞ্জলি, ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে নটায়।

*********************

দেশজুড়ে ভুয়ো রেশন কার্ড বাতিল অভিযানে এরাজ্যে এপর্যন্ত তিন লক্ষ ৫৮ হাজারেরও বেশি কার্ড বাদ পড়েছে। জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় বর্তমানে দেশে প্রায় ৮০ কোটি মানুষ রেশনের সুবিধা পান। তা থেকে অযোগ্য গ্রাহকদের বাদ দেওয়াই এই অভিযানের মূল লক্ষ্য।

রাজ্যের খাদ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, কেন্দ্র ১৭ লক্ষ ২৯ হাজারেরও বেশি রেশন গ্রাহকের তথ্য যাচাইয়ের কথা বলেছিল। তার মধ্যে ৩ লক্ষ ৫৮ হাজার ৫৬২টি রেশন কার্ড বাতিলের পাশাপাশি ১ লক্ষ ৮৬ হাজার ৬১২ জন গ্রাহককে বৈধ বলে ঘোষণা করা হয়েছে।

*********************

ভারতীয় রেলের সংস্কার সাধনে ‘৫২ সপ্তাহে ৫২ উদ্যোগে’র অঙ্গ হিসেবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ পাঁচটি নতুন সংস্কারের কথা ঘোষণা করেছেন। নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের রেলমন্ত্রী বলেন, যাত্রীদের টিকিট ক্যানসেলেশন ও টাকা ফেরত, বোর্ডিং স্টেশন পরিবর্তন, পরিকাঠামোগত উন্নয়নের মতো উদ্যোগগুলি এর অন্তর্ভুক্ত। নির্দিষ্ট দিনের বাহাত্তর ঘন্টার বেশি আগে টিকিট বাতিল করলে ন্যূনতম ক্যানসেলেশন চার্জ বহন করতে হবে। ট্রেন ছাড়ার বাহাত্তর ঘণ্টা আগে থেকে চব্বিশ ঘণ্টার মধ্যে টিকিট বাতিল করলে টিকিট মূল্যের ২৫ শতাংশ, ট্রেন ছাড়ার আগের চব্বিশ ঘণ্টার মধ্যে টিকিট বাতিল করলে টিকিট মূল্যের ৫০ শতাংশ ধার্য হবে। তবে, ট্রেন ছাড়ার আগের আট ঘণ্টার মধ্যে টিকিট বাতিল করা হলে যাত্রীদের কোনও টাকা ফেরত দেওয়া হবে

না বলেও মন্ত্রী জানান। তিনি বলেন, এখন থেকে কাউন্টার থেকে কাটা টিকিট, দেশের যে কোনও বুকিং কাউন্টার থেকে বাতিল করা যাবে।

ট্রেন বোর্ডিংয়ের ক্ষেত্রে নতুন নিয়ম প্রসঙ্গে শ্রী বৈষ্ণ বলেন, আগে রিজার্ভেশন তালিকা প্রস্তুত হয়ে গেলে আর বোর্ডিং পয়েন্ট পাল্টানো যেত না। এখন থেকে ট্রেন ছাড়ার ৩০ মিনিট আগে পর্যন্ত বোর্ডিং পয়েন্ট পাল্টাতে পারবেন যাত্রীরা।

(বাইট- বোর্ডিং পয়েন্ট পাল্টানো )

*********************

লোকসভায় আজ 'রূপান্তরকামী ব্যক্তি বা ট্রান্সজেন্ডার পার্সনস সুরক্ষা সংশোধনী বিল-২০২৬' আলোচনার জন্য গৃহীত হয়েছে। এই বিলের মূল উদ্দেশ্য হলো, ২০১৯'-এর রূপান্তরকামীদের অধিকার সুরক্ষা আইনের সংশোধন করা।

ওই আইনে একজন রূপান্তরকামী ট্রান্সজেন্ডার হিসেবে পরিচয়পত্র পাওয়ার জন্য জেলা ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করতে পারতেন। এখন এই বিলে বলা হয়েছে, জেলা ম্যাজিস্ট্রেট একটি মনোনীত মেডিকেল বোর্ডের ছাড়পত্র পাবার পর এই শংসাপত্র দিতে পারবেন। প্রয়োজনে জেলা ম্যাজিস্ট্রেট অন্যান্য চিকিৎসা বিশেষজ্ঞদের সহায়তা নিতে পারবেন। বিলটিতে বলা হয়েছে, ট্রান্সজেন্ডার ব্যক্তিরা তাদের জন্ম শংসাপত্র এবং অন্যান্য সরকারি নথিতে নিজেদের 'নাম' পরিবর্তন করার অধিকারী হবেন।

*********************

কলকাতা মেট্রোর গ্রিন লাইনের মহাকরণ স্টেশনের প্লাটফর্মে Rubber Fender পুড়ে যাওয়ায় আজ বেলা ১১ টা ৪৪ মিনিট থেকে প্রায় এক ঘন্টা পরিষেবা ব্যাহত হয়। সঙ্গে সঙ্গে আগুন নিভিয়ে ফেলা হলেও কি কারণে এই ঘটনা তা জানা যায়নি।

*********************

আজ বিশ্ব যক্ষা প্রতিরোধ দিবস। মাইকোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস জীবাণু সংক্রমিত এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে ২৪ শে মার্চ দিনটি পালন করা হয়। ১৮৮২ সালের ডক্টর রবার্ট কোচ যক্ষার এই জীবাণু আবিষ্কার করেছিলেন।

এবছর যক্ষ্মা প্রতিরোধ দিবসের মূল ভাবনা- ‘আমরা অবশ্যই যক্ষ্মা নির্মূল করতে পারি’।

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে এই উপলক্ষ্যে আয়োজিত সচেতনতা কর্মসূচিতে দ্রুত রোগ শনাক্তকরণ, চিকিৎসা মাঝপথে বন্ধ না করা, পুষ্টিকর খাদ্য গ্রহণ নিয়ে উপস্থিত সকলকে অবহিত করেন বিশেষজ্ঞ চিকিৎসকরা। ১০জন যক্ষ্মা রোগীর হাতে একমাসের পুষ্টিকর খাবার তুলে দেওয়া হয়।

হাওড়া জেলার প্রতিটি হাসপাতাল, সুস্বাস্থ্য কেন্দ্রগুলিতে এই উপলক্ষ্যে বিশেষ সচেতনতা শিবিরের আয়োজন করা হয়।

নদীয়ার কৃষ্ণনগরের রবীন্দ্রভবনে যক্ষ্মা সচেতনতা বিষয়ক আলোচনা সভায় স্বাস্থ্য বিশেষজ্ঞরা রোগের লক্ষণ, চিকিৎসা এবং প্রতিরোধের উপায় নিয়ে গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরেন।

*********************

দেড় বছরেরও বেশি সময় পরিত্যক্ত হয়ে থাকার পর আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সংস্কারের কাজ দ্রুত শুরু হতে চলেছে। ২০২৪ সালের ১৪ই আগস্ট ভাঙচুরের পর থেকে বন্ধ ছিল এই বিভাগ। জেনারেল এমার্জেন্সি বন্ধ থাকায়, ট্রমা কেয়ারের এমারজেন্সিতেই সব রোগীকে পাঠানো হচ্ছিল। ফলে সেখানে রোগীর বিপুল চাপ পড়ছিল।

উল্লেখ্য, গত সোমবার ট্রমা কেয়ারের জরুরি বিভাগে চিকিৎসা করাতে গিয়ে এক ব্যক্তির মৃত্যু নিয়ে বিতর্ক দানা বাধে। এর আগে লিফটে আটকে এক ব্যক্তির মর্মান্তিক মৃত্যুতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

*********************

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয়বাষ্প বাতাসে প্রবেশ করায় উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় আজ সকাল থেকেই বৃষ্টি হচ্ছে। দার্জিলিং জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার বেশ কিছু স্থানে শিলা বৃষ্টির সম্ভাবনা। জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় দমকা বাতাস ও বজ্র বিদ্যুৎ সহ

ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল উত্তরবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

এদিকে, দক্ষিণবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম বর্ধমান ও মুর্শিদাবাদ জেলায় হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য কম । সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩১ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক ৮ ডিগ্রি কম।

*******************************************************************